



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/13/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল শ্যাব্বাৎ সার্ভিসে উপস্থিত থাকা শিক্ষার্থীদের অতিরিক্ত নিরাপত্তা প্রদান করার জন্য নিউ ইয়র্কের সরকারি কলেজ ও ইউনিভার্সিটিগুলিকে নির্দেশ দিলেন

শ্যাব্বাৎ প্রার্থনার জন্য সমবেত হওয়া ইহুদি শিক্ষার্থী গোষ্ঠীর জন্য ক্যাম্পাসে বর্ধিত আইন শৃঙ্খলা রক্ষাকারীদের উপস্থিতি, সংস্থান প্রদানের সুযোগ থাকবে

একটি "জিহাদ দিবস" সম্পর্কে জনগণের রিপোর্টের সাড়া দান হিসেবে গভর্নর স্টেটব্যাপী আইন শৃঙ্খলা রক্ষাকারীদেরকে উপস্থিতি বৃদ্ধি করতে নির্দেশ দিয়েছেন; এখন পর্যন্ত কোনও বিশ্বাসযোগ্য হুমকি নির্গত হয়নি

গভর্নর হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্কের সরকারি কলেজ এবং ইউনিভার্সিটিগুলি ক্যাম্পাসে শ্যাব্বাৎ সেবায় অংশগ্রহণ করা শিক্ষার্থীদের জন্য বর্ধিত আইন শৃঙ্খলা রক্ষাকারীদের উপস্থিতি, সংস্থান প্রদান করবে। এটি গত সপ্তাহে ইসরায়েলে হামাসের ভয়ানক আক্রমণের পর সকল নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে গভর্নর হোকলের চলমান প্রতিশ্রুতির অনুবর্তী।

"আমার শীর্ষ অগ্রাধিকার হলো জননিরাপত্তা, এবং নিউ ইয়র্কের সকল শিক্ষার্থী যাতে ক্যাম্পাসে নিরাপদ বোধ করে তা নিশ্চিত করার জন্য আমি প্রতিশ্রুতিবদ্ধ," গভর্নর হোকল বলেন। "যদিও এখন পর্যন্ত নিউ ইয়র্কে কোনও বিশ্বাসযোগ্য হুমকি পাওয়া যায়নি, ইহুদি নিউ ইয়র্কবাসীরা যাতে নিরাপদে সমবেত হয়ে শ্যাব্বাৎ সার্ভিস পালন করতে পারে তা নিশ্চিত করার জন্য আমরা আইন শৃঙ্খলা রক্ষাকারীদের উপস্থিতি বৃদ্ধি করছি।"

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) ক্যাম্পাসগুলিতে, এই সপ্তাহান্তে চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র ইউনিভার্সিটি পুলিশ কমিশনারদেরকে সকল স্টেট পরিচালিত ক্যাম্পাসের সাথে কাজ করার নির্দেশ দিয়েছেন যাতে ক্যাম্পাসের শ্যাব্বাৎ সার্ভিসে বর্ধিত নিরাপত্তা নিশ্চিত করা যায়। এছাড়াও, ক্যাম্পাসের বাইরে সার্ভিসে অংশগ্রহণ করা শিক্ষার্থীরাও যাতে তাদের প্রয়োজনীয় নিরাপত্তা সংস্থান পেতে পারে তা নিশ্চিত করার জন্য ইউনিভার্সিটি পুলিশ সম্প্রদায়সমূহের সাথে কাজ করবে। ইউনিভার্সিটির প্রেসিডেন্টদের প্রতি চ্যান্সেলর কিংয়ের সম্পূর্ণ বার্তাটি [এখানে](#) উপলভ্য আছে।

নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটিতে (City University of New York, CUNY) ক্যাম্পাসগুলিতে, ক্যাম্পাসের শ্যাব্বাৎ সার্ভিসের ক্ষেত্রে, CUNY জননিরাপত্তার (CUNY Public Safety) উপস্থিতি

বৃদ্ধির পাশাপাশি স্থানীয় নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (New York Police Department, NYPD) প্রিসিন্টগুলি থেকে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সুরক্ষা নিশ্চিত করা গেছে, যা এইসব জমায়েতকে নিরাপদ করা এবং শিক্ষার্থীদের সুরক্ষিত বোধ করা নিশ্চিত করবে।

কলেজ ক্যাম্পাসে শিক্ষার্থীদের সুরক্ষা প্রদানের প্রয়াস হলো ইসরায়েলে হামাস আক্রমণের পরবর্তীতে পুরো নিউ ইয়র্কে জননিরাপত্তা বৃদ্ধি করতে গভর্নর হোকলের প্রয়াসের অনুবর্তী। আজকে দিনের শুরুতে গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের আইনসভা (New York State Legislature), নিউ ইয়র্ক মেয়রদের কনফারেন্স (New York Conference of Mayors) এবং নিউ ইয়র্ক স্টেট কাউন্টি অ্যাসোসিয়েশনকে (New York State Association of Counties) চলমান নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে সংক্ষেপে জানান, এবং সক্রিয় নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত জানাতে গতকাল তিনি নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামসের সাথে একটি [সংবাদ সম্মেলনের](#) আয়োজন করেন। গভর্নর নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সাথে [নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টারে \(New York State Intelligence Center\) একটি ব্রিফিংয়ে অংশগ্রহণ করেন](#) এবং বর্তমানে ইসরায়েলে থাকা নিউ ইয়র্কবাসীরা যাতে নিরাপদে বাড়ি ফিরতে পারে তা নিশ্চিত করার জন্য তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ স্টেটের (U.S. Department of State) সাথে যোগাযোগ রেখেছেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418